2024/FYUG/ODD/SEM/
BNGDSM–201T/234

**FYUG Odd Semester Exam., 2024**

# BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGDSM–201T

**[ বাংলা সাহিত্যের ইতিহাস ( উনিশ শতক ) ]**

*পূর্ণমান* : ৭০
উত্তীর্ণমান : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

Learnfo

## UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) ফোর্ট উইলিয়াম কলেজের প্রতিষ্ঠাতা কে? কবে এই কলেজ প্রতিষ্ঠিত হয়েছিল?

(খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত যে কোনো দুটি গ্রন্থের নাম লেখো।

(গ) ফোর্ট উইলিয়াম কলেজের সঙ্গে যুক্ত দুজন পাঠ্যবই প্রণেতার নাম লেখো।

২। বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান বিষয়ে আলোচনা করো। ১০

*অথবা*

৩। "উনবিংশ শতাব্দীতে পাঠ্যপুস্তকের বাইরে বাংলা গদ্যের সার্থক ব্যবহার করেছিলেন রামমোহন রায়।" এই মন্তব্যের আলোকে বাংলা গদ্যের বিকাশের ধারায় রামমোহন রায়ের ভূমিকা পর্যালোচনা করো। ১০

## UNIT—II

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) কবি ঈশ্বর গুপ্তের জন্মস্থান কোথায়? তিনি কোন্ পত্রিকার সম্পাদক ছিলেন?

(খ) মধুসূদন দত্ত বিরচিত প্রথম বাংলা কাব্যগ্রন্থ কোনটি? এটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল?

(গ) নবীনচন্দ্র সেন-এর যে-কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৫। কবি ঈশ্বর গুপ্তের কাব্যসাহিত্যের সংক্ষিপ্ত মূল্যায়ন করো। ১০

*অথবা*

৬। মধুসূদন দত্তের কবি-প্রতিভার পরিচয় দাও। ১০





## UNIT—III

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'কুলীনকুলসর্বস্ব' নাটকটি কার লেখা? এটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(খ) মধুসূদন দত্তের লেখা দুটি প্রহসনের নাম লেখো।

(গ) 'নীলদর্পণ' নাটকের প্রকাশকাল এবং রচয়িতার নাম লেখো।

৮। আধুনিক বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে দীনবন্ধু মিত্রের বিশিষ্টতা কোথায়, সংক্ষেপে আলোচনা করো। ১০

*অথবা*

৯। রামনারায়ণ তর্করত্নের নাট্যকৃতির পরিচয় দাও। ১০

## UNIT—IV

১০। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) প্যারীচাঁদ মিত্র কোন্ ছদ্মনামে 'আলালের ঘরের দুলাল' আখ্যানটি লেখেন? গ্রন্থটি কবে প্রকাশিত হয়েছিল?

(খ) বঙ্কিমচন্দ্রের লেখা দুটি সামাজিক উপন্যাসের নাম লেখো।

(গ) স্বর্ণকুমারী দেবী এবং রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা একটি করে গল্পের নাম লেখো।

১১। বঙ্কিমচন্দ্রের উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

*অথবা*

১২। বাংলা গল্পসাহিত্যের ধারায় স্বর্ণকুমারী দেবীর ঐতিহাসিক ভূমিকার মূল্যায়ন করো। ১০

## UNIT—V

১৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) আত্মজীবনী বলতে কী বোঝ?

(খ) রাসসুন্দরী দাসীর আত্মজীবনী গ্রন্থের নাম কী? এটির প্রকাশকাল লেখো।

(গ) শিবনাথ শাস্ত্রীর জন্ম ও মৃত্যু সন লেখো।

১৪। আত্মকথা জাতীয় রচনার বৈশিষ্ট্য আলোচনা করে শিবনাথ শাস্ত্রীর আত্মচরিত গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরো। ১০

*অথবা*

১৫। বাংলা আত্মজীবনী সাহিত্যের ধারায় রাসসুন্দরী দাসীর অবস্থান আলোচনা করো। ১০

★ ★ ★

Learnfo



Scanned with OKEN Scanner